মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন, নতুন নাম ‘মেহেরপুর বিশ্ববিদ্যালয়’

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা আসিফ মাহমুদ বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) নিজের ভেরিফাইড ফেসবুক পোস্টে জানান, শেখ পরিবারের সদস্যদের নাম বাদ দিয়ে দেশের ১৩টি বিশ্ববিদ্যালয়ের নতুন নামকরণ করা হয়েছে।

পরিবর্তিত নামগুলোর তালিকায় রয়েছে:

মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর → মেহেরপুর বিশ্ববিদ্যালয়

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা → নেত্রকোণা বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ → কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, নওগাঁ →নওগাঁ বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর → গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয় → শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ → বাংলাদেশ ডিজিটাল ইউনিভার্সিটি

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর → জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর → পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ → নারায়ণগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ → গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিনেইম ইউনিভার্সিটি, চট্টগ্রাম → মেরিটাইম ইউনিভার্সিটি বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যরোস্পেস বিশ্ববিদ্যালয় → অ্যাভিয়েশন এন্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

মেহেরপুর সরকারী মহিলা কলেজে নবীনবরণ

মেহেরপুর সরকারী মহিলা কলেজে নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার কলেজ অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিনের সভাপতিত্বে এবং গণিত বিভাগের সহকারী অধ্যাপক ডঃ সারোয়ার হোসেন ও ইংরেজী বিভাগের প্রভাষক রেক্সোনা খাতুনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর ডঃ এ কে এম নজরুল কবীর।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নবীনবরণ উৎযাপন কমিটির আহবায়ক বাংলা বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, শিক্ষক পরিষদের সম্পাদক ও অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল হামিদ, মেহেরপুর সরকারী কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথ্যা, মেহেরপুর সরকারী কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক খসরু ইসলাম, সরকারী মহিলা কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মিরাজ উদ্দীনসহ কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

জাতীয় সংগীতের মধ্যে দিয়ে এ অনুষ্ঠানের শুভ সুচনা করা হয়। দিনব্যাপী কলেজের এ নবীনবরণ উপলক্ষ্যে কলেজের শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক আনন্দ ও উদ্দীপনা দেখা যাচ্ছে। কলেজ ক্যাম্পাস আজ রঙ্গিন সাজে সজ্জিত হয়েছিল। শিক্ষার্থীরা তাদেরকে বরণ করে নেয়ায় খুব খুশী ও আনন্দে উদ্বেলিত হয়েছিল। নবীন শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেয়া হয়। এছাড়া শিক্ষা ক্যাডার থেকে যোগদান করা শিক্ষকদের ও বরণ করে নেয়া হয়। কলেজের বিএনসিসি ও গার্ল ইন রোভার স্কাউটস গ্রুপের সার্বিক শৃঙ্খলায় অনুষ্ঠানের সার্বিক পরিবেশ চমৎকার ও দৃষ্টিনন্দন হয়ে ওঠেছিল।

প্রধান অতিথির বক্তব্য মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর নজরুল কবীর বলেন, শিক্ষাকে আনন্দময় করতে সহপাঠ্য হিসেবে শিক্ষার্থীদের পাঠে মনোযোগী ও আকর্ষনীয় করতে এবং শিক্ষায় আগ্রহী করতে এ জাতীয় অনুষ্ঠান গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। শিক্ষাকে আনন্দময় করে তুলতে শিক্ষার্থীদের পাঠে আগ্রহী করতে এবং সামনের দিকে এগিয়ে নিতে কাজ করতে হবে।

তিনি বলেন, শিক্ষার কোন শর্টকাট পদ্বতি নাই। অনুশীলন ও কঠোর পরিশ্রমের মাধ্যমে শিক্ষার্থীদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। শিক্ষার্থীদের সাফল্য আমাদের গর্ব করে আমাদের আনন্দ দেয় বলে তিনি জানান। সুন্দর বাংলাদেশ গঠনে, রাস্ট্র ও সমাজের যোগ্য নাগরিক হিসেবে গড়ে ওঠতে সবাইকে লেখাপড়ার প্রতি মনোযোগী হওয়ার আহবান জানান। তিনি জানান শিক্ষাকে উপভোগ করতে হবে। সত্যিকারের মানবিক মানুষ হওয়ার আহবান জানান।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে কলেজের শিক্ষার্থীদের আয়োজনে নাচ, গান, কবিতা আবৃতিসহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ পর্বে মনোমুগ্ধকর নাচ ও গানে শিক্ষার্থীরা আনন্দ উপভোগ করে।

মেহেরপুর আইনজীবী সমিতিতে বিনা

প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ৯

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৯ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) সকালে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির ভবনে এই ফলাফল ঘোষণা করা হয়।

নির্বাচিত কার্যনির্বাহী পরিষদে সভাপতি হিসেবে মারুফ আহম্মেদ বিজন, সহ-সভাপতি হিসেবে রফিকুল ইসলাম-১, সাধারণ সম্পাদক এ এস এম সাইদুর রাজ্জাক, যুগ্ম সম্পাদক ইহান উদ্দিন (মনা), কোষাধ্যক্ষ সাইফুল ইসলাম সাহেব, লাইব্রেরি ও সাংস্কৃতিক সম্পাদক শফিউল আযম খান (বকুল) নির্বাচিত হয়েছেন।

এছাড়া সিনিয়র সদস্য হিসেবে আরিফুজ্জামান এবং সদস্য হিসেবে আয়েশা সিদ্দিকা ও আ.ন.ম. আল মামুন (অনল) বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

মেহেরপুরে মহিলা দলের লিফলেট বিতরণ

“সবার আগে বাংলাদেশ” তারেক রহমানের এই স্লোগানকে সামনে রেখে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক জাতির সামনে উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফার লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা মহিলা দল।

বৃহস্পতিবার (১৬ই জানুয়ারি) সকাল সাড়ে ১১ টার দিকে শহরের বোসপাড়া বিএনপি অফিস প্রাঙ্গণ থেকে জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুন নেছা নয়নের নেতৃত্বে শহরের প্রধান প্রধান সড়কে সাধারণ মানুষের হাতে লিফলেট বিতরণ করেন তারা।

এ সময় উপস্থিত ছিলেন বিএনপি কেন্দ্রীয় নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, সিনিয়র সহ-সভাপতি পলি আক্তার বেদানা,

জেলা বিএনপির সাবেক মহিলা বিষয়ক সহ সম্পাদিকা নাজমুন নাহার রিনা, মহিলা দলের অর্থ বিষয়ক সম্পাদিকা রুপালি খাতুন, সাংগঠনিক সম্পাদিকা ও শ্যামপুর ইউনিয়নের সাবেক ইউপি মেম্বার ফাহিমা খাতুনসহ জেলা মহিলা দলের নেতৃবৃন্দ।

মেহেরপুরে বিএনপি নেতা কামরুল হাসানের ব্যক্তি উদ্যোগে শীত বস্ত্র বিতরণ

বাংলাদেশ জাতীয়তাবাদীদল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসানের ব্যক্তি উদ্যোগে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

“এসো দূর করি শীতার্ত মানুষের কষ্টের কালো রাত, তাদের হাতে রাখি সহানুভূতির আপন হাত” স্লোগানে বৃহস্পতিবার (১৬ই জানুয়ারি ) সকাল ৯ টার দিকে পৌরসভার ৬ নং ওয়ার্ডের টিএনটি রোডের সামনে মন্ডল পাড়া এলাকায় পাঁচ শতাধিক মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা।

জেলা জিয়া পরিষদের সভাপতি রুহুল কুদ্দুসের সভাপতিত্বে শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম-আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

এসময় বক্তব্য রাখেন জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজি মিজান মেনন, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু প্রমুখ।

এছাড়াও এসময় জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহাবুব সানি, জেলা জিয়া মঞ্চের

আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, মোঃ রাকিবুল ইসলাম সজল, ছাত্রনেতা সৌরভ হোসেন, সজীব রেমীম , চঞ্চল, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, নাহিদ আহমেদ, জনি প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হার পাওয়ার

প্রকল্পের স্থানীয় পর্যায়

কর্মশালা

মেহেরপুরে হার পাওয়ার প্রকল্পের স্থানীয় পর্যায় কর্মশালার উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসনের উদ্যোগে বুধবার (১৫ই জনুয়ারি) সকালে দশটার দিকে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে ৬ মাস মেয়াদী কর্মশালার উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান, সদর উপজেলায় আইসিটি কর্মকর্তা সুব্রত কুমার বিশ্বাস, হার পাওয়ার প্রকল্পের সহকারী প্রোগ্রামার এনাম আহমেদ, প্রশিক্ষনার্থী জান্নাতুল ফেরদৌস, কানিজ ফাতেমা, ফেরদৌস সুবর্ণা নাসরিন প্রমূখ।

মুজিবনগরে তারুন্যের ভাবনায়

নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা

মুজিবনগরে তারুণ্যের উৎসব ও নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের ভাবনাই নতুন বাংলাদেশ শীর্ষক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে “এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়” এই স্লোগানে মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে এ কর্মশালা টি আয়োজন করা হয়।

এই গ্রুপ এই কর্মশালায় অংশগ্রহণকারী বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি, ছাত্র, শিক্ষক, ইমাম, সাংবাদিক, কর্মকর্তা-কর্মচারী ও ধর্মীয় নেতৃবর্গদের সমন্বয়ে সকল শ্রেণী পেশার মানুষ লেখনীর মাধ্যমে নতুন বাংলাদেশ গঠনে বিভিন্ন দিক তুলে ধরেন, প্রথমত নতুন বাংলাদেশ গড়তে হলে আমাদের ঐক্যবদ্ধভাবে চলতে হবে। তরুণদের মেধা উন্নত করার মাধ্যমে দেশকে আরো উন্নত করতে হবে।

বাংলাদেশে আরো একটি সবচেয়ে বড়ো সমস্যা হলো মোবাইল আসক্তি এর থেকে তরুণ ও যুব সমাজকে মুক্ত রাখার জন্য গ্রাম ও শহর অঞ্চলে বিভিন্ন খেলার আয়োজন করতে হবে। দূর্নিতীমুক্ত বাংলাদেশ করতে হবে পরিষ্কার পরিচ্ছন্ন বাংলাদেশ গড়তে হবে বৈষম্যহীন বাংলাদেশ করতে হবে শিক্ষিত বাংলাদেশ গড়তে হবে নতুন বাংলাদেশে ঐক্যবদ্ধভাবে থাকতে হবে যেখানে কোন ধর্ম-বর্ণ, জাতী-গোষ্ঠীর মধ্যে বৈষম্য থাকবে না।মাদকমুক্ত ও শান্তিপূর্ণ বাংলাদেশ গড়তে নৈতিক মূল্যবোধের তাগিদ দিতে হবে।

মানসম্মত শিক্ষার ব্যবস্থা করতে হবে।মানুষ যেন তার মৌলিক চাহিদা থেকে বিচ্ছিন্ন না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। কৃষিখাত, শিক্ষাখাত, চিকিৎসা খাত, ক্রীড়াঙ্গন ও রাজনৈতিক ব্যবস্থাপনায় তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ বিনির্মাণে শীর্ষক ভূমিকা রাখতে পারে আগামীতে।

তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, বৈষম্য

বিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সংগঠক শাওন শেখ, প্রমূখ।

মেহেরপুরে রেস্তোরাঁ স্বাদ বিলাসের উদ্বোধন

মেহেরপুরে বিআরটিসি কাউন্টারের সামনে রেস্তোরাঁ স্বাদ বিলাসের উদ্বোধন করা হয়। বুধবার (১৫ই জানুয়ারি) দুইটার দিকে মেহেরপুর হোটেল বাজার রেস্তোরাঁ স্বাদ বিলাসের উদ্বোধন করা হয়।

রেস্তোরাঁ স্বাদ বিলাসের স্বত্বাধিকারী রাশেদুজ্জামান খান প্রদীপের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে মোছাঃ বিলকিস বেগম ফিতা কেটে উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন মশিউর রহমান মজনু, সিনিয়ার সাংবাদিক রফিকুল আলম, হাসানুজ্জামান খান উজ্জ্বল, মেহেরপুর সোনালী ব্যাংকের ম্যানেজার তৌহিদুল আলম, মেহেরপুর পূবালী ব্যাংকের ম্যানেজার মনজুর আলী প্রমুখ।

মেহেরপুরে আন্ত: ইউনিয়ন ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যে তারুণ্যর উৎসব নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

বুধবার (১৫ই জানুয়ারি) দুপুর দুইটার দিকে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা স্টেডিয়াম এই ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নূর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসার গাজী মূয়ীদুর রহমান, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন, পি.আই.ও সাইদুর রহমান, সমাজসেবা অফিসার আছিসুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মোঃ ররিকুল ইসলাম, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান টোকন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, বৈষম্য ছাত্র আন্দোলনের আহবায়ক ইমতিয়াজ আহমেদসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ‘দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ’ কার্যক্রম বিষয়ক সেমিনার

মেহেরপুরে “দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম: বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ করণীয়” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দিনব্যাপী শহরতলীর বামনপাড়াস্থ সিডিপি মিলনায়তনে মেহেরপুর শহর সমাজ সেবা কার্যালয় এ সেমিনারের আয়োজন করে।

শহর সমাজ সেবা কর্মকর্তা সোহেল মাহমুদের সভাপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজ সেবা অধিদপ্তরের সহকারী পরিচালক কাজী কাদের ফজলে রাব্বি, মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ আরিফ তালুকদার, সমাজসেবা রেজিষ্ট্রেশন কর্মকর্তা কাজী আবুল মুনসুর।

অন্যদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, সদর থানার ওসি তদন্ত জাহাঙ্গীর সেলিম, সিডিপির

প্রোগ্রাম ডিরেক্টর জন প্রভঞ্জন বিশ্বাস, শহর সমাজ সেবা সমন্বয় পরিষদের সভাপতি রাহিনুর্ জামান পোলেন, দক্ষতা উন্নয়ন বিভাগের প্রশিক্ষক এস এম রাসেল, আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

সেমিনারে বক্তারা বলেন, সমাজ সেবাসহ সরকারি বেশ কয়েকটি প্রতিষ্ঠানে খুব সহজেই তরুণদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। যাতে করে দেশে দক্ষ জনশক্তি তৈরি হয় এবং তারা নিজেরা স্বাবলম্বি হতে পারে। প্রশিক্ষণের পাশাপাশি প্রশিক্ষনার্থীদের উদ্যোক্তা তৈরি করার ক্ষেত্রে কম সুদে ঋণ দেওয়ার ব্যবস্থা রয়েছে সমাজ সেবা কার্যালয়ে, যাতে করে তরুণ-তরুনীরা প্রশিক্ষণ নিয়ে কর্মসংস্থানে নিজেকে নিয়োজিত করতে পারে। নতুন এবং যুগপোযোগী ট্রেড প্রশিক্ষণে যুক্ত করার বিষয়ে বক্তারা একমত পোষণ করেন।

সেমিনারে বিভিন্ন দপ্তরের ২৫ জন কর্মকর্তা, প্রশিক্ষক, প্রশিক্ষনার্থী অংশ নেন।